



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৪৬.০০১.২৩-৪০৯

তারিখ: ১৩/০৪/২০২৬ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি


**বিষয়ঃ ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অনলাইনে প্রতিষ্ঠানের মাধ্যমে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড ও ভুল তথ্য সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা প্রধানসহ সংশ্লিষ্ট শিক্ষার্থী/অভিভাবককে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নকালীন যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে সে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড মাদ্রাসার মাধ্যমে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক ডাউনলোড ও তথ্য ভুল থাকলে বোর্ড ফি প্রদান সাপেক্ষে সংশোধন করা যাবে। অনলাইন থেকে রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট করে নির্ধারিত স্থানে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সীল স্বাক্ষর সম্পন্ন করে শিক্ষার্থীদের মধ্যে বিতরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়/ধরণ	নিয়মাবলী	মেয়াদ
রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট	সংশ্লিষ্ট মাদ্রাসাকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের eSIF লিংক <a href="http://www.ebmeb.gov.bd">www.ebmeb.gov.bd</a> যেতে হবে এবং Class Six (IV)»»eReg-Registration Print»»2026 সিলেক্ট করে Continue বাটনে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN এবং Password ব্যবহারের মাধ্যমে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করা যাবে।	১৫/০৪/২০২৬ খ্রি. তারিখ হতে ডাউনলোড করা যাবে
রেজিস্ট্রেশন নাম্বার ইস্যু না হওয়া	বিজ্ঞপ্তির আলোকে যে সকল শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন নম্বর এন্ট্রি নাই তাদের রেজিস্ট্রেশন নাম্বার ইস্যু করা হয়নি। সে ক্ষেত্রে জন্ম নিবন্ধন নম্বর এন্ট্রির পর রেজিস্ট্রেশন নাম্বার ইস্যু করা হবে এবং ডাউনলোড করে প্রিন্ট করা যাবে। এ ক্ষেত্রে বোর্ড ফি প্রযোজ্য হবে না।	১৪/০৫/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত
রেজিস্ট্রেশন কার্ডের তথ্য সংশোধন	উপরোল্লিখিত ভাবে প্রতিষ্ঠানের EIIN এবং Password দিয়ে লগইন করলে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড স্ক্রিনের নির্দেশনা অনুসরণ করে যৌক্তিক সংশোধন (শিক্ষার্থীর নাম, জন্ম তারিখ, ছবি এবং পিতা ও মাতার নাম, জেভার) এর আবেদন করা যাবে। সংশোধনের বোর্ড ফি ৩০০/- (তিনশত) টাকা আবেদন সাবমিটের পর পেমেন্ট অপশনে ক্লিক করে সোনালী ব্যাংকের পেমেট গेटওয়ের মাধ্যমে ফি পরিশোধ করতে হবে।	১৫/০৪/২০২৬ খ্রি. তারিখ হতে ১৪/০৫/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত
QR কোড স্ক্যান করে রেজিস্ট্রেশন কার্ড যাচাই ও প্রিন্ট	রেজিস্ট্রেশন কার্ডের QR কোড স্ক্যান করে রেজিস্ট্রেশন কার্ড অত্র বোর্ডের ওয়েবসাইট হতে যাচাই ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ছাড়াই একাধিকবার প্রিন্ট করা যাবে।	প্রযোজ্য নয়

বি: দ্র: নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধনের আবেদন করতে ব্যর্থ হলে পরবর্তীতে নাম ও বয়স সংশোধন কমিটির মাধ্যমে সংশোধন আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৩.৪.২৬


(প্রফেসর হালেহ আহমাদ)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোনঃ ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

  
তারিখ: ১৩/০৪/২০২৬ খ্রি.

প্রাপক: অধ্যক্ষ/সুপার

অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৪৬.০০১.২৩-৪০৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ২। প্রোগ্রামার, আইসিটি সেল (বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩। পি.ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৪। পি.এ. টু পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৫। অফিস নথি।

(মো: জিয়াউর রহমান)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন: ০২-২২৩৩৬৫৪০৩

ই-মেইল: drcommon@bmeb.gov.bd

  
১৩/০৪/২৬